00793

W.B.P. FORM NO. 27

# FIRST INFORMATION REPORT

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

1. Dist. BANKURA Sub-Divn. KHATRA P.S. INDPUR Year 2024 FIR No 22/24 Date 01/04/24
2. (I) Act I.P.C Sections 406/420/465 (ii) Act 468/471 Sections ✗
   (ii) Act ✗ Sections ✗ Other Acts & Sections ✗
3. (a) General Diary Reference : Entry No. 28 Time 16:05 HRS
   (b) Occurrence of Offence : Day ........ Date 21/12/23 Time ........
   (c) Information Received Date 01/04/2024 Time 16:05 HRS
   G.D. No. 28 At the Police Station: INDPUR
4. Type of information : Written / Oral WRITTEN (TYPED)
5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. ABOUT 12 KM WEST FROM P.S
   (a) Address BARAJORDA, P.S - INDPUR, DIST - BANKURA. J.L NO - 546, ANCHAL NO - III, RAGHUNATHPUR G.P.
   (b) In case outside Limit of this Police Station, then the name of P.S. ........
   District ........
6. Complaint/Informant :
   (a) Name MADHUCHANDA ROY
   (b) ~~Father's~~ / Husband's Name SUMIT ROY
   (c) Date / Year of Birth ✗
   (d) Nationality INDIAN
   (e) Address SARATPUR (BANGLA), P.S - INDPUR, DIST - BANKURA.
7. Details of know / Suspected / Unknown / Accused with particulars (1) DEBOJYOTI MUKHUTY
   (Attach separate sheet, if necessary) S/O LT - LAKSHMINARAYAN MUKHUTY
8. Reasons for delay in reporting by complaint / informant OF VILL - DEULVIRA, P.S - INDPUR DIST - BANKURA.
9. Particulars of properties stolen / Involved : (attach separate sheet, if required) : ✗
10. Total value of Properties stolen / Involved : ✗
11. Inquest report / U.D. : Case No., if any : ✗
12. FIR Contents : (Attach separate sheet, if required) THE ORIGINAL WRITTEN COMPLAINT WHICH IS TREATED AS FIR IS ATTACHED HERE WITH.
13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 406/420/465/468/471 I.P.C

registered the case and ~~took up the investigation~~ / directed S.I ASGAR KHAN OF INDPUR P.S, DIST - BANKURA. to take up the investigation transferred to P.S. ✗ On point of jurisdiction. FIR read over to the complaint / informant admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

Madhuchanda Roy.
Signature / Thumb Impression
of the Complainant / Informant

Manoranjan Nag 01.04.24.
Signature of the officer-in-charge, Police Station with
Name : MANORANJAN NAG
Rank : S.I OF POLICE. O.C
Number if any : INDPUR P.S

Officer-in-Charge
INDPUR POLICE STATION
BANKURA

To
The O.C Indpur Police Station,
P.O- Indpur,, Dist- Bankura
P.I.N- 722136

**বিষয়-** প্রতারনা, জালিয়াতি সংক্রান্ত বিষয়ে অভিযোগ.

মহাশয়,

আমি মধুছন্দা রায়, স্বামী সুমিত রায়, গ্রাম শরৎপুর (বাংলা), পোঃ ও থানা- ইন্দপুর, জেলা বাঁকুড়া আপনাকে জানাইতেছি যে, আমার পিতা ঁলক্ষীনারায়ন মুখুটী, পিতা- ঁজগৎচন্দ্র মুখুটী, গ্রাম- দেউলভিড়া, পোঃ- নবদেউলভিড়া, থানা- ইন্দপুর, জেলা বাঁকুড়া নিম্ন তপশীল বর্নিত জমির একজন নথিভুক্ত রায়ত (Recorded Raiyat) ছিলেন।

**জমির তপশীল**

মৌজা- বড়জোড়দা, জে.এল নং- ০৪৬, এল.আর খতিয়ান (L.R Khatiyan) নং- ৩৭৮, পরিমান - ৫২ টি দাগে ২.৮৭০০ একর ( ১১.১২.২০২৩ তারিখে তোলা পড়চা অনুসারে ), থানা - ইন্দপুর, জেলা- বাঁকুড়া।

আমার পিতা লক্ষীনারায়ন মুখুটী গত ১০.০৫.২০১৮ (10.05.2018) তারিখে মারা যান এবং মৃত্যু কালে তিনি নিম্ন লিখিত উত্তরাধিকারিগনকে (Legal Heirs) রেখে যান-

১. রেবা মুখুটী- স্ত্রী - (জীবিত)
২. দেবজ্যোতি মুখুটী - পুত্র - (জীবিত)
৩. দেবকান্তি মুখুটী - পুত্র - (বর্তমানে মৃত)
৪. মধুছন্দা রায় - বিবাহিত কন্যা - (জীবিত)
৫. মধুমিতা ব্যানার্জী - বিবাহিত কন্যা - (জীবিত)

আমার পিতৃত্যক্ত উক্ত তপশীল বর্নিত জমি সহ আপরাপর সকল জমি সম্পত্তি হিন্দু উত্তরাধিকার আইন, ১৯৫৬ (The Hindu Succession Act, 1956) মোতাবেক প্রত্যেকে সমঅংশে অর্থ্যাৎ ১/৫ অংশ প্রাপ্ত হন।

আমার সহোদর দাদা উক্ত দেবজ্যোতি মুখুটী, পিতা ঁলক্ষীনারায়ন মুখুটী, গ্রাম- দেউলভিড়া, পোঃ- নবদেউলভিড়া, থানা- ইন্দপুর, জেলা বাঁকুড়া গত ২১.১২.২০২৩ (21.12.2023) তারিখে খাতড়া সাব-রেজিষ্ট্রী অফিসের (A.D.S.R, Khatra) ৪০৭১ (4071) নম্বর দলিলমূলে উক্ত তপশীল বর্নিত জমির অন্তরভূক্ত 12 (বারো) টি দাগে ( দাগ নং- 254, 332, 339, 340, 341, 342, 343/793, 358/859, 544, 552/826, 553 এবং 623 ) প্রায় 104 (একশো চার) শতক জমি অন্যান্য উত্তরাধিগনের অস্তিত্ব গোপন করে এবং সম্পুর্ন জালিয়াতি ও প্রতারনার আশ্রয় নিয়ে তিনজন ব্যক্তি যথাক্রমে নয়ন চক্রবর্তী, পিতা-অজিত কুমার চক্রবর্তী,

গ্রাম- নুতনডি, পোঃ- জোড়দা, থানা- ইন্দপুর, জেলা - বাঁকুড়া, মানস কুন্ডু পিতা- অজিত কুন্ডু, গ্রাম-পোঃ- জোড়দা, থানা- ইন্দপুর, জেলা - বাঁকুড়া, এবং সুদর্শন চক্রবর্তী, পিতা- শ্রী সুশীল চক্রবর্তী গ্রাম-পোঃ- জোড়দা, থানা- ইন্দপুর, জেলা - বাঁকুড়া, কে সম অংশে ও সমপরিমান বিক্রয় করে দিয়েছে, যদিও সে আইনগত ভাবে উক্ত বিক্রিত জমির একপঞ্চমাংশের (1/5 অংশ) বেশী বিক্রয় দান বা হস্তান্তর করার অধিকারি নয় এবং সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার অধিকারিক, ইন্দপুর (B.L & L.R.O) আমার পিতা মৃত লক্ষীনারায়ন মুখুটীর উত্তরাধীকারি শংসাপত্র (Legal Heir Certificate) যাচাই না করে সম্পুর্ন বেআইনি বা অবৈধ ভাবে উক্ত বিক্রিত জমিতে MN/2023/0113/5984 - 86 নম্বর নামপত্তন কেসে (Mutation Case) ক্রেতাগনের নামে 1279, 1280 এবং 1281 নম্বর খতিয়ানগুলিতে 05.01.2024 তারিখে নামপত্তন করে দিয়েছেন, যদিও এক্ষেত্রে নামপত্তন কেসগুলির (Mutation Cases) শুনানীর দিন আমার মৃত পিতার ইন্দপুর গ্রাম পঞ্চায়েত প্রদত্ত উত্তরাধিকারি শংসাপত্র জমা নেওয়া এবং যাচাই করা আইনগতভাবে বাধ্যতামূলক ছিল, কিন্তু আমি নিশ্চিত কর্তৃপক্ষের তরফে তা করা হয়নি এবং আইনগতভাবে কোনো শুনানী হয়নি। নামপত্তন সংক্রান্ত সমস্ত কিছু হয়েছে পর্দার আড়ালে এবং ক্রেতা, বিক্রেতা ও কর্তৃপক্ষের সম্মিলিত ষড়যন্ত্রে। উক্ত নামপত্তন কেসগুলিকে কেন্দ্র করে এমন কিছু অপ্রীতিকর প্রশ্ন তুলতে পারি যার কোনো সদুত্তর বর্তমান সমষ্টি ভূমি ও ভূম্মি সংস্কার আধিকারিক, ইন্দপুর মহাশয় দিতে পারবেন না, কিন্তু এই মহুর্তে আমি সেইসব প্রশ্ন তুলতে চাইছি না, প্রয়োজনে সঠিক সময়ে সঠিক জায়গায় তুলবো। আমি তথ্য জানার অধিকার আইন ২০০৫ এর ৬(১) ধারাতে উক্ত নামপত্তন কেস (Mutation Case) সংক্রান্ত বিষয়ে কিছু তথ্য জানতে চেয়ে গত ২৪.০১.২০২৪ তারিখে সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, ইন্দপুর মহাশয়ের নিকট একটি আবেদন করে ছিলাম কিন্তু তিনি আমার প্রার্থিত কোনো তথ্য দিতে পারেন নাই এবং 23.02.2024 তারিখের 236 নম্বর মেমোতে আমাকে জানান যে, " এই মহূর্তে কোনো তথ্য নেই "। আসলে দেবেন কেমন করে, পুরোটাই তো অস্বচ্ছ ভাবে করেছেন, দেওয়ার মতো কাজ তো করেননি। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, সরকারি রাজস্ব (Government Revenue or Stamp Duty) ফাঁকি দেওয়ার জন্য এবং পরবর্তীকালে বহুবিধ আইনি ঝামেলা বা দাবী এড়ানোর জন্য উক্ত দলিলে বিক্রিত জমির প্রকৃত বা পন মূল্য (Consideration Money) অনেক কম দেখানো হয়েছে এবং আমার ধারনা অয়কর (Income Tax) ফাঁকি দেওয়ার জন্য পন মূল্যের সমস্ত টাকা নগদে লেনদেন হয়েছে এবং দলিলে উল্লেখিত একাউন্টে ট্রান্সফার সংক্রান্ত বক্তব্যটি সঠিক নহে এবং প্রয়োজনে আমি বিষয়টি উপযুক্ত কতৃপক্ষের গোচরে এনে উপযুক্ত তদন্ত চাইবো।

আমি উক্ত দেবজ্যোতি মুখুটীকে উকিল মারফৎ একটি আইনি নোটিশ (নোটিশের তারিখ 16.02.2024) পাঠিয়ে কারন দর্শাতে বলেছিলাম যে, কেন তাঁর বিরুদ্ধে উপরিউক্ত প্রতারনা, জালিয়াতি ইত্যাদি অপরাধের জন্য ইন্দপুর থানায় অভিযোগ দায়ের করা হবে না, কিন্তু সময়

অতিক্রান্ত হয়ে গেলেও সে কোন কারণ দর্শাতে পারেনি এবং উক্ত নোটিশের কপি আপনাকে পাঠানো হয়েছে।

এক্ষণে, আমি আপনাকে দেবজ্যোতি মুখুটীর উপরিউক্ত প্রতারনা, জালিয়াতি ইত্যাদি অপরাধের জন্য উপযুক্ত তদন্ত সাপেক্ষে তাঁর বিরুদ্ধে আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছি।

তারিখ - 1.4.2024
ফোন - 8851531581

বিনীত-
- সবুজচন্দ্র রায়
- স্বামী - সুমিত রায়
গ্রাম - কারগপুর (বাংলো)
পোষ্ট + থানা - ইন্দপুর
জেলা - বাঁকুড়া - 722136

সংযুক্ত (Enclosed)

১. পঞ্চায়েত প্রদত্ত ঁলক্ষীনারায়ন মুখুটীর উত্তরাধিকারি শংসাপত্র এবং ঐ সংক্রান্ত হলফনামা (Affidavit)
২. 11.12.2023 তারিখের পড়চা।
৩. 4071 নম্বর দলিলের কপি।
৪. MN/2023/0113/5984-86 নম্বর কেসের ordersheet এর কপি।
৫. 11.01.2024 তারিখের তোলা পড়চা।
৬. 24.01.2024 তারিখের আবেদনের কপি এবং 23.02.2024 তারিখে B.L & L.R.O প্রদত্ত 236 নং মেমোর কপি।
৭. আইনি নোটিশের কপি

Received on 01/04/24 at 16:05 hours and started Indpur P.S Case no - 22/24 dt 01/04/24 u/s - 406/420/465/468/471 I.P.C.

01/4/24
Officer-in-Charge
INDPUR POLICE STATION
BANKURA